

সূত্র নম্বর: ৫৩.১৭.০০০০.১৬০.২৯.০০১.১৯.৩৩০

তারিখ : ২০ জানুয়ারি ২০২২

সকল বিভাগীয় প্রধান/বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
আঞ্চলিক ব্যবস্থাপক
শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

বিষয়: ব্যবসায়িক পর্যালোচনা সভা-২০২২।

প্রিয় মহোদয়,

চলতি ২০২১-২০২২ অর্থবছরের ০৬(ছয়) মাস ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে। এ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে বিভিন্ন সূচকে ৩১ ডিসেম্বর, ২০২১ পর্যন্ত অর্জন পর্যালোচনা এবং জুন, ২০২২ বার্ষিক হিসাব সমাপনীতে সকল সূচকে বার্ষিক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনসহ শ্রেণিকৃত ঋণের পরিমাণ জুন/২০২১ অপেক্ষা জুন/২০২২ এ হ্রাসকরণ অথবা ন্যূনতম অপরিবর্তিত রাখার লক্ষ্যে “ব্যবসায়িক পর্যালোচনা সভা-২০২২” নিম্নোক্ত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনলাইনে অনুষ্ঠিত হবে:

ক্রম	অঞ্চল/শাখা	তারিখ	সময়	স্থান	অংশগ্রহণকারী
০১	ঢাকা, ঢাকা উত্তর, নারায়ণগঞ্জ, গাজীপুর, ফরিদপুর ও প্রধান শাখা	২৩.০১.২০২২	সকাল ১০.০০ ঘটিকা হতে	ব্যবস্থাপনা পরিচালক	বিভাগীয় কার্যালয়
০২	গোপালগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, কিশোরগঞ্জ, জামালপুর ও টাঙ্গাইল	২৪.০১.২০২২	বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত	মহোদয়সহ প্রধান	প্রধান, বিভাগীয়
০৩	চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুর	২৫.০১.২০২২	(২৩.০১.২০২২ তারিখে সকাল	কার্যালয়ের কর্মকর্তাগণ	নিরীক্ষা কর্মকর্তা,
০৪	নোয়াখালী, লক্ষ্মীপুর, সিলেট ও মৌলভীবাজার	২৬.০১.২০২২	০৯.০০ ঘটিকা হতে শুরু হবে)	বোর্ড সভাকক্ষ এবং মাঠ পর্যায়ের	আঞ্চলিক ব্যবস্থাপক, শাখা
০৫	রাজশাহী, পাবনা, বগুড়া ও নওগাঁ	২৭.০১.২০২২		অংশগ্রহণকারী	ব্যবস্থাপক
০৬	রংপুর, কুড়িগ্রাম ও দিনাজপুর	৩০.০১.২০২২		গণ স্ব স্ব কর্মস্থল থেকে অনলাইনে সংযুক্ত থাকবেন।	এবং শাখার অন্যান্য সহকর্মী।
০৭	খুলনা, যশোর ও কুষ্টিয়া	৩১.০১.২০২২			
০৮	বরিশাল, পিরোজপুর ও পটুয়াখালী	০১.০২.২০২২			

আলোচ্য সূচি: ক) ঋণ বিতরণ ও আদায়;
খ) বণ্ণবন্ধু যুবঋণের আদায় সংক্রান্ত তথ্য;
গ) শ্রেণিকৃত ঋণ আদায় ;
ঘ) শ্রেণিতব্য ঋণ অবমুক্তকরণ;
ঙ) অবলোপনকৃত ঋণ আদায় ;
চ) মামলা সংক্রান্ত ঋণ;
ছ) লাভ-লোকসান।




চলমান পাতা-০২

উক্ত পর্যালোচনা সভাসমূহে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব শিরীন আখতার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক জনাব শেখ মো: জামিনুর রহমান এবং সভাপতিত্ব করবেন পরিচালন মহাবিভাগের মহাব্যবস্থাপক জনাব মেহের সুলতানা। প্রধান কার্যালয়ের অন্যান্য মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপকগণ স্ব স্ব মনিটরিং বিভাগ/অঞ্চলের সভায় উপস্থিত থাকার জন্য এবং বোর্ড সচিব, জনসংযোগ কর্মকর্তা ও আইটি বিভাগের প্রতিনিধিকে সকল সভায় যথাসময়ে উপস্থিত থেকে প্রয়োজনীয় দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, হালনাগাদ তথ্যাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট সকলকে ব্যবসায়িক পর্যালোচনা সভায় অনলাইনে সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


(মনোজ রায়)


উপমহাব্যবস্থাপক

সূত্র নম্বর: ৫৩.১৭.০০০০.১৬০.২৯.০০১.১৯

তারিখ: ১৯ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইটে থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ):

০১. স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০৩. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০৪. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০৫. সকল উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০৬. উপমহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ, আইন গবেষণা ও মূল্যায়ন বিভাগ ও কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ। তাদের বিভাগসংশ্লিষ্ট বিবরণী প্রস্তুতপূর্বক ২০.০১.২০২২ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট নির্বাহীবৃন্দের মধ্যে সরবরাহের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো;
০৭. উপমহাব্যবস্থাপক, আইটি বিভাগ। তাঁকে পত্রটি ব্যাংকের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও অনলাইন সভা আয়োজনের কারিগরি সহায়তা প্রদানসহ আইটি বিভাগের একজন প্রতিনিধিকে সার্বক্ষণিক উপস্থিত থাকার ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো;
০৮. উপমহাব্যবস্থাপক, সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ। তাঁকে প্রধান কার্যালয়ের নির্বাহীগণকে উক্ত ব্যবসায়িক পর্যালোচনা সভায় উপস্থিতির জন্য পরিবহন সুবিধা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো;
০৯. বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
১০. জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ উপবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
১১. অফিস কপি।


২০.০১.২০২২

(মো: এনায়েতুর রহমান শেখ)

সহকারী মহাব্যবস্থাপক